



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.nmst.gov.bd

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০৬.২১-১০৯৮

তারিখঃ ২৮/০৭/২০২২খ্রিঃ

বিষয়: চাকুরিতে নিয়োগ পত্র

জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর বেতন স্কেলে প্রচলিত ভাতাদি ও চাকুরির অন্যান্য সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্তাবলীর আলোকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতে নিম্নোক্ত প্রার্থীকে বর্ণিত পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

নং	নাম ও ঠিকানা	পদের নাম, বেতন স্কেল, বেতন গ্রেড
১	মোঃ হাদিসুর রহমান, পিতা- মোঃ মতিয়ার রহমান, গ্রাম- টেংরালী, পোস্ট- পাকশিয়া বাজার, উপজেলা- শার্শা, জেলা- যশোর	লাইব্রেরিয়ান-কাম-ডকুমেন্টেশন অফিসার টাঃ ২২,০০০-৫৩,০৬০, গ্রেড -৯

শর্তাবলী:

- ১। তাঁকে সম্পূর্ণ অস্থায়ীভাবে এ নিয়োগ প্রদান করা হলো।
- ২। তাঁকে চাকুরিতে প্রথম ৬ (ছয়) মাসকাল শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে তাঁর শিক্ষানবিসকালের মেয়াদ অতিরিক্ত ৬ (ছয়) মাস বৃদ্ধি করতে পারবে।
- ৩। সন্তোষজনক শিক্ষানবিসকালের অবসান হওয়া সাপেক্ষে তাঁর চাকুরি নিয়মিত করা হবে এবং সংস্থার নিয়মিত পদে তিনি একজন স্থায়ী কর্মচারী হিসেবে গণ্য হবেন।
- ৪। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এবং সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলী এবং প্রচলিত বিধি-বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।
- ৫। নিয়োগ প্রাপ্ত ব্যক্তিকে আগামী ০৮/০৮/২০২২খ্রিঃ তারিখের মধ্যে বর্ণিত পদে যোগদান করতে হবে, অন্যথায় নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৬। নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর শিক্ষানবিসকালে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবে এবং এরূপ চাকুরি অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে শিক্ষানবিসকাল অবসানের পরও চাকুরিকালীন যে কোন সময় ৩ (তিন) মাসের অগ্রিম নোটিশ দ্বারা বা তৎপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবে।
- ৭। শিক্ষানবিসকাল অবসানের পর চাকুরি হতে পদত্যাগ করতে চাইলে ৩ (তিন) মাস পূর্বে নোটিশ দাখিল করতে হবে নতুবা তিনি ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। শিক্ষানবিসকালে পদত্যাগ করতে চাইলে তাঁকে ১ (এক) মাস পূর্বে নোটিশ দাখিল করতে হবে নতুবা তিনি ১ (এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। তবে, কর্তৃপক্ষ কর্তৃক পদত্যাগপত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাঁকে দায়িত্ব পালন করে যেতে হবে।
- ৮। চাকুরিতে যোগদানের সময় তাঁকে-
 - (ক) নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/কাউন্সিলর/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে।
 - (খ) ৪ (চার) কপি পাসপোর্ট আকারের রঞ্জিন ছবিসহ সকল সনদের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে এবং মূলকপিও যোগদানের সময় উপস্থাপন করতে হবে।
 - (গ) সিভিল সার্জন, ঢাকার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করিয়ে এ চাকুরির জন্য উপযুক্ত মর্মে মেডিক্যাল রিপোর্ট দাখিল করতে হবে।
- ৯। চাকুরিকালে তাঁকে কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করতে হবে।
- ১০। চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না।
- ১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


স্বাক্ষর
২৮/০৭/২০২২
(মোহাম্মাদ মুনির চৌধুরী)
মহাপরিচালক

নং-৩৯.০৩.০০০০.০০৫.১১.০০৬.২১- ১০৯৮/১(৯)

তারিখঃ ২৮/০৭/২০২২খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে-

- ১। সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
- ৪। কিউরেটর (সকল), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
- ৫। প্রধান ডিসপ্লে কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
- ৬। হিসাব-রক্ষণ কর্মকর্তা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা।
- ৭। সহকারী প্রোগ্রামার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা। (জাদুঘরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। মোঃ হাদিসুর রহমান, পিতা- মোঃ মতিয়ার রহমান, গ্রাম- টেংরালী, পোস্ট- পাকশিয়া বাজার, উপজেলা- শার্শা, জেলা- যশোর
- ৯। অফিস কপি।


(মোহাম্মাদ মুনীর চৌধুরী)
মহাপরিচালক